

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ
doict.sonargaon.narayanganj.gov.bd

সোনারগাঁ উপজেলা আইসিটি কমিটির নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ রেজওয়ান-উল-ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার সোনারগাঁ, নারায়ণগঞ্জ
তারিখঃ ২৭/১১/২০২৩ খ্রিস্টাব্দ
সময়ঃ বেলা ১২.৩০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ

উপজেলা আইসিটি কমিটির উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আইসিটি কমিটির কার্যক্রম ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলার ওয়েব পোর্টালের তথ্য আপডেট রাখা	সোনারগাঁ উপজেলার ১টি পৌরসভা, ১০ টি ইউনিয়ন পরিষদের পোর্টাল সহ মোট ৪৯ টি সরকারি ওয়েব পোর্টালের সমন্বয়ে উপজেলা পরিষদের পোর্টাল। ৩৮ টি ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ আছে। সোনারগাঁ উপজেলা পরিষদের পোর্টাল সার্বিক ভাবে ৯৬% হালনাগাদ। বাকি ১০টি দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
০২	জয় SET Center	ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় “জয় SET Center”- এর ডিভিপ্রস্তুত স্থাপন ও উদ্বোধন করা হয়। উপজেলা পরিষদ ভবনের পাঁচ-তলায় “জয় SET Center”- নির্মাণের জন্য ই-টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	উপজেলা প্রকৌশলী
০৩	ইনফো-সরকার ইন্টারনেট কানেকটিভিটি সচল রাখা	ক. ইনফো-সরকার ২ প্রকল্প হতে উপজেলা পর্যায়ে ৩২ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। সংযোগ প্রাপ্ত দপ্তর গুলো হতে প্রতিমাসে ইন্টারনেট কানেকটিভিটির রিপোর্ট নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
		খ. ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলার ১০ টি ইউনিয়ন পরিষদে POP(Point of Presence) স্থাপন করা হয়েছে এবং ৫ এমরিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ সরবরাহের মাধ্যমে দ্রুত গতির ইন্টারনেট সংযোগ এবং WiFi সুবিধা নিশ্চিত করা হয়েছে। সকল ইউনিয়নের ইন্টারনেট সংযোগটি রক্ষণাবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, সংশ্লিষ্ট ইউপি সচিব
০৪	শেখ রাসেল ল্যাব পরিচালনা, রক্ষণাবেক্ষণ, অপব্যবহার রোধকরণ ও পরিদর্শন	কম্পিউটার ল্যাব ব্যবহারের গাইডলাইন ও নীতিমালা অনুসারে অত্র উপজেলার ২১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সুষ্ঠু পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
		নিয়মিত পরিদর্শনকালে ল্যাব পরিচালনা নীতিমালা ও গাইডলাইন যথাযথ পালন এবং উক্ত ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক অফিসার
০৫	ডি-নথি বাস্তবায়ন	জাতীয় ডি-নথি কার্যক্রম জোরদার করার জন্য ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তরসমূহের সকল ফাইল এর কার্যক্রম ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়।	ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তর প্রধানগণ

০৬	ভিডিও কনফারেন্স	ক. সোনারগাঁ উপজেলার ভিডিও কনফারেন্স সিস্টেমের মনিটর টি নষ্ট। মনিটর টি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. ভিডিও কনফারেন্স সিস্টেমের জন্য ১ টি ইউপিএস/আইপিএস/ সোলার সিস্টেমের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
০৭	একসেবা উদ্যোক্তা নিবন্ধন	সকল ইউনিয়নের উদ্যোক্তাদের একসেবায় নিবন্ধন এবং নিয়মিত আয় ও সেবার তথ্য আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ রেজওয়ান-উল-ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৫৬.০৪.৬৭০৪.০০১.০৬.০০২.১৯.৪৬

তারিখ

১২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), নারায়ণগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক,, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৬। পৌরসভা/ ইউপি সচিব, ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা(সচিব
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

(ফাতেমা-তুজ-জামাত)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
সোনারগাঁ, নারায়ণগঞ্জ